

কোডেকের উদ্যোগে শিশু শিক্ষা মেলা অনুষ্ঠিত

কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার (কোডেক) ২০১৭ সাল থেকে দাতাসংস্থা ইউনেসেফ এর আর্থিক সহায়তায় ০৬টি অনিবন্ধিত শরণার্থী শিবিরে মায়ানমার হতে বল প্রয়োগের মাধ্যমে বাস্তুচ্যুত পরিবারের শিশুদের জন্য মৌলিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে। উক্ত কাজের ধারাবাহিকতায় গত ২ ও ৩ এপ্রিল ২০১৮ তারিখ ময়নারঘোনা-বালুখালী ২/২ তথা ক্যাম্প ১২ তে ৪৫টি লার্নিং সেন্টারের শিশুদের অংশগ্রহণে শিশুশিক্ষা মেলা ও ক্রীড়ানুষ্ঠানের আয়োজন করা হয়। যাতে ক্যাম্প-১২তে কর্মরত বেসরকারী উন্নয়ন সংস্থার শিশুদের জন্য বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের কার্যক্রম ষ্টলের মাধ্যমে উপস্থাপন করা হয়, মেলায় কোডেক-ইউ.এম.এন ও কোডেক-সিএফএস, ফ্রেন্ডশীপ ইন্টারন্যাশনাল, সেভ দ্য চিলড্রেন, ব্র্যাক, পিএইচডি অংশগ্রহণ করে এবং স্টলের মাধ্যমে শিশুদের জন্য তাদের বাস্তবায়িত কর্মসূচি তুলে ধরে। মেলায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ক্যাম্পইনচার্জ ও সিনিয়র সহকারী সচিব জনাব মো: জাহিদ আক্তার, বিশেষ অতিথি ছিলেন শামছুল হক শাকিব, ফিল্ড কো-অর্ডিনেটর, সাইটম্যানেজম্যান্ট, এ্যাকশন এইড বাংলাদেশ। এছাড়া কোডেকের প্রতিনিধি হিসাবে উপস্থিত ছিলেন, কানিজ ফাতেমা -ফোকালপার্সন, এ.কে.এম হুমায়ুন কবির, প্রকল্পসমন্বয়কারী ও আলমগীরকবির, টেকনিক্যাল অফিসার।

মেলায় উপস্থিতি শিশুদের অংশগ্রহণে বার্মিজ কাব্যিক্যা, চিত্রাংকণ ও বার্মিজ বিভিন্ন লোকজ খেলা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথিদের বক্তব্যে ক্যাম্পইনচার্জ বলেন " বাংলাদেশ সরকারের গাইড লাইন অনুযায়ী কোডেক শরণার্থী শিশুদের জন্য তার শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে, আজ এই বঞ্চিত শিশুদেরকে কোডেক যে আনন্দ দিচ্ছে তা শুধু বাংলাদেশের পরিমন্ডলে নয় আন্তর্জাতিক পরিমন্ডলে ও প্রশংসার দাবি রাখে "

